

মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫২৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৫৬]

১৩. কিতাবুল ঈদাইন (দুই ঈদের নামায) (كتاب العیدین)

পরিচ্ছেদঃ মিস্বার ছাড়া ঈদগাহের উদ্দেশ্যে বের হওয়া

باب الْخُرُوجِ إِلَى الْمُصَلَّى بِغَيْرِ مَنَبَرٍ

আরবী

عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ يَخْرُجُ يَوْمَ الْفِطْرِ وَالْأَضْحَى إِلَى الْمُصَلَّى، فَأَوَّلُ شَيْءٍ يَبْدَأُ بِهِ الصَّلَاةُ، ثُمَّ يَنْصَرِفُ، فَيَقُومُ مُقَابِلَ النَّاسِ وَالنَّاسُ جُلُوسٌ عَلَى صُفُوفِهِمْ، فَيَعْظُهُمْ وَيُوصِيهِمْ وَيَأْمُرُهُمْ، فَإِنْ كَانَ يُرِيدُ أَنْ يَقْطَعَ بَعْثًا قَطْعَهُ، أَوْ يَأْمُرَ بِشَيْءٍ أَمَرَ بِهِ ثُمَّ يَنْصَرِفُ. قَالَ أَبُو سَعِيدٍ: فَلَمَّ يَزِلِ النَّاسُ عَلَى ذَلِكَ حَتَّى خَرَجْتُ مَعَ مَرْوَانَ، وَهُوَ أَمِيرُ الْمَدِينَةِ فِي أَضْحَى أَوْ فِطْرٍ، فَلَمَّا أَتَيْنَا الْمُصَلَّى، إِذَا مِنْبَرٌ بَنَاهُ كَثِيرُ بْنُ الصَّلْتِ، فَإِذَا مَرْوَانُ يُرِيدُ أَنْ يَرْتَقِيَهُ قَبْلَ أَنْ يُصَلِّيَ، فَجَبَذْتُ بِثَوْبِهِ، فَجَبَذَنِي، فَارْتَفَعَ فَخَطَبَ قَبْلَ الصَّلَاةِ، فَقُلْتُ لَهُ: غَيَّرْتُمْ وَاللَّهِ. فَقَالَ: أَبَا سَعِيدٍ، قَدْ ذَهَبَ مَا تَعْلَمُ. فَقُلْتُ: مَا أَعْلَمُ وَاللَّهِ خَيْرٌ مِمَّا لَا أَعْلَمُ، فَقَالَ: إِنَّ النَّاسَ لَمْ يَكُونُوا يَجْلِسُونَ لَنَا بَعْدَ الصَّلَاةِ فَجَعَلْتُهَا قَبْلَ الصَّلَاةِ

বাংলা

৫২৩) আবু সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঈদুল ফিতর এবং ঈদুল আযহার দিন ঈদগাহে গমন করতেন। তিনি প্রথমে নামায আদায় করতেন। অতঃপর মানুষের দিকে ফিরে দাঁড়াতেন। তারা কাতারেই বসা থাকত। তিনি তাদেরকে উপদেশ দিতেন এবং আদেশ দিতেন। কোন সেনা প্রেরণের ইচ্ছা পোষণ করলে তা প্রেরণ করতেন অথবা কোন কাজের ফরমান জারী করতেন। অতঃপর তিনি বাড়ীতে ফিরতেন। আবু সাঈদ খুদরী (রাঃ) বলেনঃ মানুষেরা এ নিয়মের উপরই চলছিল। পরিশেষে একদা আমি মারওয়ানের সাথে ঈদুল ফিতর অথবা ঈদুল আযহার দিন ঈদগাহের উদ্দেশ্যে বের হলাম। তিনি তখন মদীনার আমীর ছিলেন। যখন আমরা ঈদগাহে পৌঁছলাম তখন দেখলাম কাছীর বিন সালত একটি মিস্বার বানিয়ে রেখেছে। মারওয়ানও নামায আদায়ের পূর্বেই মিস্বারের উপর আরোহনের প্রস্তুতি নিচ্ছিল। আমি তার কাপড় ধরে টান দিলাম। সেও টান দিল। অতঃপর সে মিস্বারে উঠে নামাযের পূর্বে খুতবা দিলেন। আমি তাকে বললামঃ আল্লাহর শপথ! তোমরা (রাসূলের সুল্লাতকে) পরিবর্তন করে ফেলেছ। সে বললঃ হে আবু সাঈদ! তুমি যা জান তার দিন

চলে গেছে। আবু সাঈদ বলেনঃ আমি বললামঃ আল্লাহর শপথ! যা আমি জানি তা ঐ বিষয় হতে উত্তম, যা আমি জানি না। তারপর মারওয়ান বললঃ লোকেরা নামাযের পরে আমাদের খুতবা শুনার জন্য বসেনা। তাই আমি নামাযের পূর্বে খুতবা দিয়েছি।

English

To proceed to a masjid without a pulpit

Narrated Abu Sa`id Al-Khudri:

The Prophet (ﷺ) used to proceed to the Musalla on the days of Id-ul-Fitr and Id-ul-Adha; the first thing to begin with was the prayer and after that he would stand in front of the people and the people would keep sitting in their rows. Then he would preach to them, advise them and give them orders, (i.e. Khutba). And after that if he wished to send an army for an expedition, he would do so; or if he wanted to give an order, he would do so, and then depart. The people followed this tradition till I went out with Marwan, the Governor of Medina, for the prayer of Id-ul-Adha or Id-ul-Fitr. When we reached the Musalla, there was a pulpit made by Kathir bin As-Salt. Marwan wanted to get up on that pulpit before the prayer. I got hold of his clothes but he pulled them and ascended the pulpit and delivered the Khutba before the prayer. I said to him, "By Allah, you have changed (the Prophet's tradition)." He replied, "O Abu Sa`id! Gone is that which you know." I said, "By Allah! What I know is better than what I do not know." Marwan said, "People do not sit to listen to our Khutba after the prayer, so I delivered the Khutba before the prayer."

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89821>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন